রূপালী ব্যাংক লিমিটেড

সাধারণ ঋণ বিভাগ
প্রধান কার্যালয়
ঢাকা।

ইস্তেহার নং ঃ প্রকা/সাঋবি/নির্দেশ/০২ — তারিখ ঃ ১৮/০১/২০১০ইং।

সকল শাখা/কর্পোরেট শাখা/
আঞ্চলিক/স্থানীয় কার্যালয়
আরবিটিআই ও প্রধান কার্যালয়ের
সকল বিভাগের প্রতি।

বিষয় ঃ-পড়াশুনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) প্রদানের নীতিমালা ।

বাংলাদেশ থেকে প্রতিবছর বিপুল পরিমান ছাত্র/ছাত্রী ষ্টুডেন্ট ভিসা নিয়ে লেখাপড়ার উদ্দেশ্যে পৃথিবীর বিভিন্ন দেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ গ্রহন করছে । বিদেশ গমনকারী ছাত্র/ ছাত্রীরা উচ্চ শিক্ষা গ্রহনপূর্বক মানব সম্পদ উন্নয়নের পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখছে । বিষয়টি বর্তমান সরকারের প্রবর্তিত মানব সম্পদ উন্নয়ন সহ ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রেও বিশেষ ভূমিকা রাখবে। বিদেশে সকল কলেজ/বিশ্ববিদ্যালয়ে খন্ডকালীন চাকুরীর সুযোগ থাকায় তারা বিদেশে খন্ডকালীন চাকুরীও করে থাকে । চাকুরীর আয় থেকে দেশে অর্থ প্রেরণের ফলে দেশের বৈদেশিক রেমিট্যান্স বৃদ্ধিতে এবং বেকারত্ব দূরীকরনে সহায়ক হবে ।

কিন্তু দেখা যাচ্ছে যে, অনেক ছাত্র-ছাত্রী বা তাদের অভিভাবকগন এতদবিষয়ে বিভিন্ন খরচ নির্বাহ করতে সক্ষম হয় না । বিশেষতঃ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেটের প্রয়োজন হয়- যাতে শিক্ষার্থীর/তার অভিভাবকের ব্যাংক হিসাবে প্রায় ৮ ১২.০০ লক্ষ টাকার ডিপোজিট প্রদর্শন করতে হয় এবং তা তিন মাস পর্যন্ত ব্যাংকের হিসাবে সংরক্ষন করতে হয় । অধিকাংশ শিক্ষার্থীর বা তাদের অভিভাকের ব্যাংক হিসাবে প্রয়োজনীয় পরিমান অর্থ থাকে না । ফলে অনেকেই ব্যাংকে এসে স্বল্প মেয়াদী ঋণের জন্য আগ্রহ প্রকাশ করে থাকে ।

বিষয়টি গুরুত্ব অনুধাবন পূর্বক পড়াশুনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) প্রদানের জন্য " পড়াশুনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) " নামে একটি স্কীম প্রবর্তনের জন্য আমাদের ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক ২৯-১২-২০০৯ ইং তারিখে অনুষ্ঠিত ৮০৮ তম সভায় নীতিগতভাবে অনুমোদন ও প্রয়োজনীয় শর্তাবলী সহ নীতিমালা প্রনয়নের নির্দেশ প্রদান করা হয় । উক্ত স্কীমের আওতায় ঋণ প্রদানের প্রয়োজনীয় শর্তাবলী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের জন্য নিম্নে উল্লেখ করা হলো ঃ-

১। আবেদনকারীর যোগ্যতা ঃ-

(ক) বিদেশে লেখা পড়ার উদ্দেশ্যে বিদেশের কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক এমন সকল ছাত্র/ছাত্রী যাদের ভিসা প্রাপ্তির ক্ষেত্রে প্রয়োজনীয় অংকের স্থিতি সহ হিসাব বিবরণী এ্যামেবাসীতে প্রদর্শন করতে হয় তারাই এ স্কীমের আওতায় ঋণ পাবার যোগ্য বলে বিবেচিত হবেন।
(খ) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে ।
(গ) আবেদনকারীকে ছাত্র/ছাত্রী হতে হবে ।
(ঘ) ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীকে বিদেশী কলেজ/বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক সকল যোগ্যতা থাকতে হবে ।

২। আবেদনের নিয়মাবলী ঃ-

(ক) সাদা কাগজে আবেদন পত্র (সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি) গ্রহন করতে হবে ।
(খ) ভর্তি ইচ্ছুক বিদেশী কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে প্রস্তাব পত্র (Offer letter) সহ প্রস্তাব পত্রের শর্তানুযায়ী আনুষাঙ্গিক কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি গ্রহন করতে হবে ।
(গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সমূহ ও পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি গ্রহন করতে হবে ।
(ঘ) বসবাস ও পড়াশুনার খরচের বিবরণ গ্রহন করতে হবে ।
(ঙ) ন্যাশনাল আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি গ্রহন করতে হবে ।
(চ) স্থানীয় কমিশনার/ইউপি চেয়ারম্যান এর নিকট হতে চারিত্রিক সনদপত্র গ্রহন করতে হবে ।
(ছ) সংশ্লিষ্ট শাখায় আবেদনকারীর নিজ নামে সঞ্চয়ী হিসাব অবশ্যই থাকতে হবে। ১৫% মার্জিনের অর্থ সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে ।

৩। ঋণের পরিমান ঃ-
১৫% মার্জিনে সর্বোচ্চ ১২.০০ (বার) লক্ষ টাকা ।

৪। সুদের হার - ১৩% (পরিবর্তনশীল) ।

৫। ঋণের সময়কাল ঃ-
এই স্কীমের ঋণ সর্বোচ্চ ৩(তিন) মাস মেয়াদী হবে । কোন নবায়নযোগ্য নয় ।

চলমান পাতায় দ্রঃ-২

৬। ঋণের জামানত ও কাগজপত্রাদি/প্রয়োজনীয় চার্জ ফরম ঃ-

(ক) ঋণ প্রদানের পূর্বে প্রয়োজনীয় চার্জ ফরম (সিএফ- ১,১১,১৯) গ্রহন করতে হবে।

(খ) মার্জিন সহ ঋণের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীর সঞ্চয়ী হিসাবে জমা থাকবে এবং উক্ত সঞ্চয়ী হিসাবের স্থিতি ব্যাংকের নিকট লিয়েন থাকবে ।হিসাবের স্থিতি লিয়েন রাখার বিষয়ে গ্রাহকের নিকট হতে লেটার অব লিয়েন গ্রহন করতে হবে ।

(গ) মেয়াদান্তে সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাব ডেবিট করে সুদ সহ ঋণ সমন্বয় করতে হবে । সঞ্চয়ী হিসাবের স্থিতি ডেবিট /স্থানান্তর করার বিষয়ে গ্রাহকের নিকট হতে লেটার অব অথরিটি গ্রহন করতে হবে।

(ঘ) লেটার অব লিয়েন,লেটার অব এগ্রিমেন্ট,লেটার অব অথরিটি ব্যাংক আইন উপদেষ্টার পরামর্শক্রমে প্রস্তুত পূর্বক গ্রহন করতে হবে ।

৭। শর্তাবলী ঃ-

(ক) বিদেশে কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে পড়াশুনার লক্ষ্যে বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রী ব্যতীত অন্য কোন ছাত্র/ছাত্রীদের বা অন্য কোন উদ্দেশ্যে এ কর্মসূচীর আওতায় ঋণ প্রদান করা যাবে না।

(খ) লিয়েনকৃত সঞ্চয়ী হিসাবে কোন চেক বই ইস্যু করা যাবে না বা কোন উত্তোলন সুবিধা দেয়া যাবে না।

(গ) প্রস্তাব পত্র (**Offer letter**) এর সমস্ত নির্দেশনা ও শর্তাবলী যথাযথভাবে পরিপালন করা হয়েছে কিনা তা যাচাই বাছাই করে নিতে হবে ।

(ঘ) প্রয়োজনীয় মার্জিনের অর্থ সঞ্চয়ী হিসাবে জমা করার পর এবং অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্রাদি জমা প্রদানসহ শর্তাবলী পরিপালনের পর গ্রাহকের নামে সাধারন ঋণ হিসাব (**Loans General-Others**) সৃষ্টি করে হিসাবান্তর ভাউচারের মাধ্যমে (ডেবিট-ক্রেডিট) ঋণের অর্থ সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে ।

৮। ঋণ মঞ্জুরীর ক্ষমতা/অনুমোদনকারী কর্তৃপক্ষ ঃ-

এ স্কীমের আওতায় ঋণ মঞ্জুরীর ক্ষমতা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের আওতাধীন থাকবে ।

উক্ত ইস্তেহারের আওতায় ঋণ বিতরনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো । উল্লেখিত নীতিমালার আওতায় ঋণ বিতরনের ক্ষেত্রে ইস্তেহারের কোন শর্তাবলীর ব্যাখার প্রয়োজন হলে সাধারন ঋণ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো ।

(মোঃ সফিউজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ মাইনুল হক)
মহাব্যবস্থাপক